



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
০৩ আগস্ট, ২০২০ খ্রিষ্টাব্দ

বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার সদস্যদের প্রফেসর পদে পদোন্নতিতে ধন্যবাদ ও অভিনন্দন


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকারি কর্মকর্তাদের আরও গতিশীল ও দক্ষ করে গড়ে তোলার যে কর্মযজ্ঞ চলছে তারই অংশ হিসেবে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার সদস্যদের 'প্রফেসর' পদে এযাবত কালের সবচেয়ে বড় পদোন্নতি দেওয়া হয়েছে। এ উপলক্ষে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি, উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এমপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ মাহবুব হোসেন এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে ধন্যবাদ জানাই এবং যীরা পদোন্নতি পেলেন তাঁদেরকে জানাই অনেক শুভেচ্ছা ও অভিনন্দন।

বাংলাদেশে গুণগত শিক্ষা বাস্তবায়নে দৃঢ় সংকল্পবদ্ধ মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি সবসময়ই মনে করেছেন শিক্ষা ক্ষেত্রে উন্নয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে যে যেখানে কাজ করছেন তাঁদের সবারই সময়মত এবং যোগ্যতা অর্জন সাপেক্ষে পদোন্নতি পাওয়া উচিত। এ কারণে তিনি এই করোনাকালেও আমাদেরকে পদোন্নতির কাজ চালিয়ে যেতে বলেছেন এবং ঈদের আগে যেন তা সম্পন্ন হয় সেই নির্দেশ প্রদান করেছেন। তাঁর নির্দেশ, পরামর্শ, ও অনুপ্রেরণায় করোনার এই কঠিন সময়েও বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার সদস্যদের 'প্রফেসর' পদে এযাবত কালের সবচেয়ে বড় পদোন্নতি হয়েছে; এজন্য তাঁর প্রতি রইল আমাদের গভীর শ্রদ্ধা ও অশেষ ধন্যবাদ।

আমাদের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরীও একইভাবে এই পদোন্নতির বিষয়ে খোঁজখবর নিয়েছেন, পরামর্শ দিয়েছেন ও উৎসাহ প্রদান করেছেন। আমরা আমাদের শিক্ষা ও শিক্ষক বান্ধব মাননীয় উপমন্ত্রী মহোদয়কে অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ মাহবুব হোসেন পদোন্নতি প্রক্রিয়াটি যেন নিখুঁত ও ত্রুটিহীন হয় সেই বিষয়ে পরামর্শ দিয়েছেন। সেই সঙ্গে মন্ত্রণালয় ও মাউশির অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ অক্লান্ত পরিশ্রম করে এই বিশাল কর্মযজ্ঞটি সফলভাবে সম্পন্ন করেছেন। আমরা সবার প্রতি অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সবশেষে যে ৬০৭ জন কর্মকর্তা 'প্রফেসর' পদে পদোন্নতি পেলেন তাঁদের সবাইকে অভিনন্দন। আসুন এযাবত কালের সবচেয়ে বড় এই পদোন্নতিতে উদ্বুদ্ধ হয়ে মাননীয় শিক্ষা মন্ত্রীর নেতৃত্বে ও মাননীয় উপমন্ত্রী ও সচিব মহোদয়ের দিকনির্দেশনায় আমাদের দেশে গুণগত শিক্ষা বাস্তবায়নে আরও ব্রতী হয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষে বেদনা বিধূর এই আগস্ট মাসে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করি।


০৩.০৮.২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর